



প্রেস রিলিজ

তারিখ : ১৯ ফেব্রুয়ারি ২০২১



বাউবির নতুন প্রো-উপাচার্য অধ্যাপক ড. নাসিম বানুর যোগদান

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) নতুন প্রো-উপাচার্য হিসেবে যোগদান করলেন বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ড. নাসিম বানু। ইসলামি বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের জ্যেষ্ঠ শিক্ষক অধ্যাপক ড. নাসিম বানু আজ ১৯ ফেব্রুয়ারি ২০২১ সকাল ১১.০০ টায় বাউবি'র ঢাকাস্থ আঞ্চলিক কেন্দ্রে যোগদান করেন।

প্রো-উপাচার্য হিসাবে যোগদান করে তিনি ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মহা. শফিকুল আলম, তথ্য ও গণসংযোগ বিভাগের পরিচালক মো: আবুল কাসেম শিখদার, আঞ্চলিক পরিচালক ঢাকা রানা হামিদুর রহমান উপস্থিত ছিলেন।

বৃহস্পতিবার মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব নীলিমা আফরোজের স্বাক্ষরিত বাউবির প্রো-উপাচার্য হিসেবে ড. নাসিম বানু এর নিয়োগ প্রজ্ঞাপন জারি হয়।

তিনি ইসলামী বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের প্রতিষ্ঠাতা ডিন ও ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন। এছাড়া তিনি ইবি'র যৌন নির্যাতন প্রতিরোধ সেলের আহ্বায়ক ছিলেন। শিক্ষানুরাগী ড. নাসিম বানুর ৩০ টির অধিক প্রকাশনা ও গবেষণাপত্র বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে।

কৃতি এই অধ্যাপক ইসলামি বিশ্ববিদ্যালয়ের জার্নাল অফ দি ইসলামিক স্টাডিজের সম্পাদক ছিলেন। অধ্যাপক ড. নাসিম বানু এশিয়া ও ইউরোপের ১২টি দেশে আন্তর্জাতিক সেমিনারে গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে লোক প্রশাসন বিষয়ে বিএসএস অনার্স ও এমএসএস ডিগ্রি অর্জন করেন। ১৯৯১ সালে বুয়েট থেকে এম ইউ আর পি ডিগ্রি, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ২০১০ সালে পি এইচ.ডি ডিগ্রি অর্জন করেন।

১৯৬২ সালে বাংলাদেশের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

(মোঃ আবুল কাসেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ

বাউবি।

মোবাইল : ০১৭১১১৫৭২৩৬